



স্মারক নং-চমেবি/পনি/বিডিএস/বিজ্ঞপ্তি/২০২৬/২৭০

তারিখ: ২৭.০৪.২০২৬

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ১ম, ২য়, ৩য় এবং ফাইনাল পেশাগত বিডিএস, নভেম্বর-২০২৫ইং পরীক্ষার নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। আগামী ৩০.০৪.২০২৬ইং তারিখ, বৃহস্পতিবার, সকাল: ৯.৩০ ঘটিকায় অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজকে প্রশ্নপত্র নিরাপত্তার সাথে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, চট্টগ্রাম মেডিকেল কলেজ, ডেন্টাল ইউনিট ও চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজের প্রশ্নপত্র চট্টগ্রাম মেডিকেল কলেজ, অধ্যক্ষের তত্ত্বাবধানে সংরক্ষিত থাকিবে। পরীক্ষার দিন সকাল ৮:০০ ঘটিকার মধ্যে পরীক্ষার রুটিন অনুযায়ী বিষয় ভিত্তিক প্রশ্নপত্র স্ব স্ব কেন্দ্র প্রধান/অধ্যক্ষ/তাহার মনোনীত জ্যেষ্ঠ শিক্ষক গ্রহণ করিবেন।

চট্টগ্রাম মেডিকেল কলেজের, অধ্যক্ষের কার্যালয় নিম্ন লিখিত ডেন্টাল কলেজ/ইউনিটের প্রশ্নপত্র সংগ্রহ করিবেন-

- ১। চট্টগ্রাম মেডিকেল কলেজ, ডেন্টাল ইউনিট
- ২। চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ

বিতরণ:

- অধ্যক্ষ/ইউনিট প্রধান, চট্টগ্রাম মেডিকেল কলেজ, ডেন্টাল ইউনিট
- অধ্যক্ষ/কেন্দ্র প্রধান, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ

পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা সমূহ:

- ১। প্রশ্নপত্র সংরক্ষণ, বিতরণ এবং পরীক্ষা শেষে প্যাকেজিং থেকে শুরু করে যাবতীয় কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে সর্বোচ্চ নিরাপত্তা বিধান করতে হবে।
- ২। পরীক্ষা শেষে লিখিত পরীক্ষার খাতা সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র প্রধানের নিকট জমা থাকবে। MCQ উত্তরপত্র সমূহ চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৩। কলেজ সমূহ পরিদর্শকবৃন্দের জন্য সার্বিক সহযোগিতা করবেন।
- ৪। চট্টগ্রাম মেডিকেল কলেজ, অধ্যক্ষ/তাহার মনোনীত জ্যেষ্ঠ শিক্ষক চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর হতে প্রশ্নপত্র নিজ দায়িত্বে গ্রহণ ও নিরাপত্তার সহিত সংরক্ষণ করবেন।

স্বাক্ষরিত

অধ্যাপক ডা. অজয় দেব
পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা.)
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

তারিখ: ২৭.০৪.২০২৬

স্মারক নং-চমেবি/পনি/বিডিএস/বিজ্ঞপ্তি/২০২৬/২৭০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। উপাচার্য মহোদয়ের দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল অনুষদ কার্যালয়, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৩। শাখা কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৪। অফিস কপি।

স্বাক্ষরিত
২৭.৪.২০২৬

মোহাম্মদ আতিকুর রহমান
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
ফৌজদারহাট, চট্টগ্রাম।